

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
শেরপুর, বগুড়া।
(dls.sherpur.bogra.gov.bd)

২০২১-২০২২ অর্থ বছরে অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা এর আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতিঃ ডাঃ মোঃ রায়হান পিএএ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শেরপুর, বগুড়া

তারিখঃ ০৩/০৪/২০২২

সময়ঃ ৩.০০ ঘটিকা

স্থানঃ সম্মেলন কক্ষ, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, শেরপুর, বগুড়া
সভার উপস্থিতিঃ পরিশিষ্ট ক

ডাঃ মোঃ রায়হান (পিএএ), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, শেরপুর সভাপতিত্বে অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা এর আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।


উক্ত সভায় সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, শেরপুর, বগুড়া বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী, মাঠ কর্মী ও স্টেকহোল্ডারগণ অংশগ্রহণ করেন।

সভাপতি উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, শেরপুর, বগুড়া, দপ্তরাধীন বিভিন্ন সরকারী সেবা প্রদানে স্টেকহোল্ডার কর্তৃক অভিযোগ দাখিল পদ্ধতি এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

১. অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা এবং আপিল কর্মকর্তার তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২. প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি অএ সভায় প্রাণবন্ত আলোচনার জন্য তাঁর সন্তুষ্টি প্রকাশ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ডাঃ মোঃ রায়হান পিএএ)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
শেরপুর, বগুড়া।